রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ৬, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৬ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ/ ২১ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ

নম্বর ***০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.২২.১৯৮***—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘জাতীয় পরিসংখ্যান উপদেষ্টা পরিষদ (National Advisory Council on Statistics-NACS)’ নিম্নরূপে পুনর্গঠন করেছে :

(ক) পরিষদের গঠন:

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৪. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| ৫. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ৬. | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| ৭. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৮. | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ৯. | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | সদস্য |

| | | |
|---|---|---|
| ১০. | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) | সদস্য |
| ১২. | মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) | সদস্য |
| ১৩. | মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | সদস্য |
| ১৪. | সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই) | সদস্য |
| ১৫. | চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৬. | ড. বিনায়ক সেন, অর্থনীতিবিদ ও মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | সদস্য |
| ১৭. | ড. বজলুল হক খন্দকার, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৮. | ড. সৈয়দ শাহাদাত হোসেন, অধ্যাপক, ইনস্টিটিউট অফ স্ট্যাটিস্টিক্যাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (আইএসআরটি), ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৯. | অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

এ পরিষদে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) পরিষদের কার্যপরিধি:

(১) বাংলাদেশের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থাকে বিশ্বমানে উন্নীত করা এবং জাতীয় প্রয়োজনে আরো সুনির্দিষ্টভাবে ব্যবহার উপযোগী তথ্য সংগ্রহ করার লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(২) পরিবর্তিত প্রেক্ষাপট ও প্রয়োজনীয়তা বিবেচনাপূর্বক শুমারি/জরিপ বা অন্যান্য পরিসংখ্যান বিষয়ক কার্যক্রমের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণে পরামর্শ প্রদান;

(৩) বিবিএস-এর আওতায় পরিচালিত বিভিন্ন শুমারির বাজেট, কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সময়সূচি, পদ্ধতি (Methodology) ইত্যাদি ক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

(৪) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর বিভিন্ন প্রয়োজন ও চাহিদার পরিপ্রেক্ষিতে পরামর্শ প্রদান;

(৫) প্রয়োজনে পরিসংখ্যান ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান করা।

(গ) পরিষদ প্রয়োজনে পরিসংখ্যানের সাথে সম্পৃক্ত যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান-প্রধানকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

(ঘ) পরিষদের সভা বছরে কমপক্ষে দুইবার অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ইশরাত জাহান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd